

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৭১.১৩৯.২৩ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে "Plaster repairing & painting of filter building north-east side." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে "Plaster repairing & painting of filter building north-east side." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/৯/২৩ ২:৪৫ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার-এর বিভিন্ন স্থাপনা ভরাট মাটির উপরে নির্মিত। প্লান্টের বিভিন্ন ওয়ার্কস্টেশনে উচ্চ ক্ষমতার পাম্পসহ ভারী যন্ত্রপাতি চলার কারণে সৃষ্ট ভাইব্রেশনের ফলে ভিত্তির Uneven Settlement এর কারণে ছাদের পানিরোধী স্তরে এবং দেয়ালে ফাটল ধরে পানি প্রবেশ করছে। এভাবে প্রতিনিয়ত বৃষ্টির পানি প্রবেশের ফলে দালানসমূহের দেওয়াল ও ছাদের প্লাস্টার ও রঙ নষ্ট হয়ে বারে পড়ছে (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)। এরূপ পরিস্থিতিতে দালানের স্থায়ীত্ব এবং ভবনের অভ্যন্তরের বহুমূল্যবান বৈদ্যুতিক যন্ত্রপাতির নিরাপত্তা হুমকির সম্মুখীন। এছাড়া প্লান্ট পরিদর্শনে আগত অতিথিদের নিকট প্লান্টের তথা ঢাকা ওয়াসার ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এমতাবস্থায়, ফিল্টার বিল্ডিংয়ের স্থাপনা ও যন্ত্রপাতির সুরক্ষার্থে নষ্ট হওয়া প্লাস্টার ও রঙ উঠিয়ে নতুন করে প্লাস্টার ও রঙ করার লক্ষ্যে অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনায় "Plaster repairing & painting of filter building north-east side." শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে। উল্লেখ্য, ভবনটি বৃহদায়তনের হওয়ায় কর্মসম্পাদন ও তদারকির সুবিধার্থে সমগ্র কাজটিকে কয়েকটি লটে ভাগ করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। 1. Various damaged parts of filter building at WTP.pdf
- ২। 2. Filter Building Plan and Elevation.pdf
- ৩। 3. Calculation sheet.pdf
- ৪। 4. Official Estimate.pdf
- ৫। 5. APP 23-24 COPY.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/৯/২৩ ২:৪৫ অপরাহ্ন

এই পর্যায়ে ফিল্টার বিল্ডিংয়ের উত্তর-পূর্ব অংশের ভিতর ও বাহিরের নষ্ট প্লাস্টার ও রঙ উঠিয়ে পুনরায় প্লাস্টার ও রঙ করার নিমিত্তে এজ-বিল্ট নক্সা হতে প্রাপ্ত ও সরেজমিন সংগৃহীত পরিমাপের আলোকে ক্যালকুলেশন শিট প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-০২ ও ০৩ দ্রষ্টব্য)। প্রাপ্ত পরিমাণের ভিত্তিতে গণপূর্ত রেট শিডিউল-২০২২ (সংশোধিত) এর দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-০৪ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৬.৪,৯৯,৯২৬.৮৬৯ (টাকা চার লক্ষ নিরানব্বই হাজার নয়শত ছাব্বিশ দশমিক আট ছয় নয় মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের Water & Sewer Treatment Plant খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-১৬৫; প্যাকেজ নং-APP/23-24/W/34) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-০৫ দ্রষ্টব্য)।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৯/২৩ ২:৪৬ অপরাহ্ন




এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার-এর ফিল্টার বিল্ডিংয়ের উত্তর-পূর্ব অংশের ভিতর ও বাহিরের নষ্ট প্লাস্টার ও রঙ উঠিয়ে পুনরায় প্লাস্টার ও রঙ করার নিমিত্তে "Plaster repairing & painting of filter building north-east side" কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:

১) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।

২) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ৮.৪,৯৯,৯২৬.৮৬৯ (টাকা চার লক্ষ নিরানব্বই হাজার নয়শত ছাব্বিশ দশমিক আট ছয় নয় মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।


৩) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের Water & Sewer Treatment Plant খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-১৬৫; প্যাকেজ নং-APP/23-24/W/34) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

			
১০/৯/২৩ ৬:৩৩ অপরাহ্ন মোঃ মেহেদীন হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১০/৯/২৩ ৬:৩৬ অপরাহ্ন মোহাম্মদ সোহেল রানা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পদ্মা পানি শোধনাগার	১০/৯/২৩ ৬:৫৮ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১০/৯/২৩ ৬:৫৮ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল



অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১০/৯/২৩ ৮:৪৬ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

	
১০/৯/২৩ ৮:৫২ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১০/৯/২৩ ৮:৫২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১২/৯/২৩ ৫:০৮ পূর্বাহ্ন

অনুমোদিত

	
১২/৯/২৩ ৫:০৮ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১২/৯/২৩ ৫:০৮ পূর্বাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ১২/৯/২৩ ১২:৫৬ অপরাহ্ন